

জবির প্রথম বর্ষের ভর্তি ১১ নভেম্বর থেকে শুরু


প্রতিনিধি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

২৭ অক্টোবর ২০১৯, ১৩:৪৩
আপডেট: ২৭ অক্টোবর ২০১৯, ১৩:৪৫



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষে স্নাতক (সমান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের ভর্তি কার্যক্রম আগামী ১১ নভেম্বর থেকে শুরু হচ্ছে।

প্রথম মেধাতালিকায় স্থান পাওয়া পরীক্ষার্থীরা আগামী ১৭ নভেম্বর পর্যন্ত ভর্তি ফি জমা দিতে পারবেন। এরপর তাঁরা প্রয়োজনীয় সনদ ও কাগজপত্র ১৮ নভেম্বর পর্যন্ত মনোনীত বিভাগে জমা দিয়ে ভর্তির সুযোগ পাবেন। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ওইজুজামান প্রথম আলোকে এ তথ্য জানান।



রেজিস্ট্রার জানান, এ বছর ইউনিট-১-এর (বিজ্ঞান শাখা) জন্য ১২ হাজার ৪০০ টাকা, ইউনিট-২-এর (মানবিক শাখা) জন্য ১০ হাজার ৪০০ টাকা, ইউনিট-৩-এর (বাণিজ্য শাখা) জন্য ১০ হাজার ৪০০ টাকা এবং বিশেষায়িত চারটি বিভাগের (সংগীত, চারুকলা, নাট্যকলা ও ফিল্ম অ্যান্ড টেলিভিশন) জন্য ১২ হাজার ৪০০ টাকা ভর্তি ফি নির্ধারণ করা হয়েছে।

প্রথম মেধাতালিকায় স্থান পাওয়া পরীক্ষার্থীদের মুঠোফোনে শিওর ক্যাশের মাধ্যমে ভর্তি ফি জমা দিতে হবে। নির্ধারিত ফি জমা দেওয়ার পর বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পরীক্ষার্থীদের ভর্তির জন্য প্রদর্শিত ফরম পূরণ এবং প্রিন্ট করে নিতে হবে।

প্রিন্ট করা ফরম, ভর্তি পরীক্ষার হলে পর্যবেক্ষক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র, এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল সনদ, নম্বরপত্রসহ প্রত্যেকটির এক কপি করে ফটোকপি এবং সম্প্রতি তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি মনোনয়নপ্রাপ্ত বিভাগে সশরীরে উপস্থিত হয়ে জমা দিতে হবে।

একজনের কাগজপত্র কোনো অবস্থাতেই অন্য কেউ জমা দিতে পারবে না। নির্ধারিত তারিখের পর কাগজপত্র জমা নেওয়া হবে না।

রেজিস্ট্রার আরও জানান, প্রতিদিন সকাল ৯টা থেকে বেলা ৩টা পর্যন্ত সনদ ও কাগজপত্র জমা দেওয়া যাবে। শুক্র ও শনিবার সকাল ১০টা থেকে দুপুর ১২টা এবং বেলা ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত সনদ ও কাগজপত্র জমা দেওয়া যাবে।

অপেক্ষমাণ তালিকা

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দণ্ডের থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, প্রথম মেধাতালিকা অনুযায়ী ভর্তির পর আসন থালি থাকা সাপেক্ষে পরবর্তী মেধাতালিকা প্রকাশ করা হবে। সে ক্ষেত্রে দ্বিতীয় মেধাতালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীদের ২১ থেকে ২৪ নভেম্বর, তৃতীয় মেধা তালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীদের ২৮ নভেম্বর থেকে ১ ডিসেম্বর, চতুর্থ মেধাতালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীদের ৫ থেকে ৮ ডিসেম্বর এবং পঞ্চম মেধাতালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীদের ১২ থেকে ১৫ ডিসেম্বরের মধ্যে শিওর ক্যাশের মাধ্যমে ভর্তি ফি জমা ফি জমা দিতে হবে।

কোটায় আবেদনকারীদের সাক্ষাৎকার

মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনি কোটায় আবেদনকারীদের সাক্ষাৎকার ১৭ ডিসেম্বর এবং অন্যান্য কোটায় আবেদনকারীদের সাক্ষাৎকার ১৮ ডিসেম্বর সংশ্লিষ্ট ডিন কার্যালয় ও বিভাগগুলোতে নেওয়া হবে। কোটায় আবেদনকারীদের ফলাফল ১৯ ডিসেম্বর প্রকাশ করা হবে।

ভর্তিসংক্রান্ত সব তথ্য ও নিয়ম বিশ্ববিদ্যালয়ের অফিশিয়াল ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।